# এন ওয়াই এস ই এস এল এ টি
# মাতা-পিতাদের জন্য
# তথ্যবিবরণী পুস্তিকা

**BENGALI** - NYSESLAT Parent Information Brochure

**স্বাগতম! নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (এন ওয়াই এস ই ডি) এর দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা দপ্তর (ও বি ই ডাবলু এল) এর লক্ষ্য হল, নিউ ইয়র্ক স্টেটের সমস্ত শিক্ষার্থী, যাদের মধ্যে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স (ই এল এল এস) / বহুভাষিক শিক্ষার্থীরাও (এম এল এল এস) অন্তর্ভুক্ত, যাতে সর্বোৎকৃষ্ট মানের শিক্ষাগত সাফল্য ও ভাষাগত দক্ষতা অর্জন করতে পারে, সেটা নিশ্চিত করা। আমরা সর্বদাই চেষ্টা করি যাতে সমস্ত শিক্ষার্থীর শিক্ষাগত পথ এবং সামাজিক-আবেগগত চাহিদাগুলি একাধিক ভাষায় পূরণ করা যায় যাতে তারা কলেজ এবং পেশাগত ক্ষেত্রে যোগদানের জন্য প্রস্তুত হতে পারে। প্রত্যেক বছর আপনার সন্তানের ভাষাগত দক্ষতা মূল্যায়নের জন্য নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিভমেন্ট টেস্ট (এন ওয়াই এস ই এস এল এ টি) নেওয়া হয়ে থাকে।**

### ভূমিকা

যে সমস্ত শিক্ষার্থী নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স (এন ওয়াই এস আই টি ই এল এল) দ্বারা ই এল এল/এম এল এল হিসেবে চিহ্নিত হয়েছে, তাদের প্রত্যেকের-ই এন ওয়াই এস ই এস এল এ টি পরিক্ষাটি নেওয়া হয়ে থাকে। এন ওয়াই এস ই এস এল এ টি-র উদ্দেশ্য হল, নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলিতে গ্রেড কে-১২ পর্যন্ত যে সমস্ত ই এল এল/এম এল এল ভর্তি আছে তাদের ইংরেজি ভাষায় দক্ষতার স্তরের বার্ষিক মূল্যায়ন করা। এই পরীক্ষাটি, ই এল এল/এম এল এল-দের ইংরেজি ভাষার বিকাশ সম্পর্কে সরকার, স্কুল, মাতা-পিতা এবং শিক্ষক/শিক্ষিকাদের গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

### এন ওয়াই এস ই এস এল এ টি কখন নেওয়া হয়ে থাকে?

সাধারণতঃ, বসন্তকালে এপ্রিল এবং মে মাসে এন ওয়াই এস ই এস এল এ টি নেওয়া হয়ে থাকে।

### শিক্ষার্থীদের কি ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হবে?

এন ওয়াই এস ই এস এল এ টি-তে ইংরেজি ভাষা শোনা, বলা, পড়া এবং লেখা বিষয়ক বহুর-মধ্যে-এক (মাল্টিপ্ল চয়েস), সংক্ষিপ্ত-উত্তরভিত্তিক প্রশ্ন (শর্ট রিটেন রেস্পন্স কোয়েশ্চেনস), বিশদ-উত্তর ভিত্তিক প্রশ্ন (লং রিটেন রেস্পন্স কোয়েশ্চেনস) এবং মৌখিক প্রশ্ন (ওরাল রেস্পন্স কোয়েশ্চেনস) থাকে। আপনার সন্তানকে পরীক্ষার সবগুলি অংশ-ই উত্তরের চেষ্টা করতে হবে। আপনার সন্তানকে শ্রেণীকক্ষে যে সমস্ত কার্যাবলী ও প্রশ্ন-উত্তরের সম্মুখীন হতে হবে, এন ওয়াই এস ই এস এল এ টি-তে জিজ্ঞাস্য প্রশ্নগুলি তার-ই এক প্রতিফলন মাত্র।

### এন ওয়াই এস ই এস এল এ টি কে/কারা নিয়ে থাকেন?

নিউ ইয়র্ক স্টেটের যোগ্যতাসম্পন্ন শিক্ষাবিদ্‌রা এন ওয়াই এস ই এস এল এ টি নিয়ে থাকেন।

### আমার সন্তানের এন ওয়াই এস ই এস এল এ টি-তে প্রাপ্ত নম্বরের কপি কেমন করে পেতে পারি?

স্কুল-ই এন ওয়াই এস ই এস এল এ টি-তে প্রাপ্ত নম্বরের রিপোর্ট আপনাকে দেবে যেটা ইংরেজি ভাষায় আপনার সন্তানের বিকাশের মাত্রা সম্পর্কে নির্দিষ্ট তথ্য প্রদান করবে।

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং তার পরবর্তী সময়ে ইংরেজি ভাষায় দক্ষতার কি কি স্তর বর্তমান?

শিক্ষার্থীদের বিবিধ দক্ষতাকে মান্যতা দিয়ে ইংরেজি ভাষায় দক্ষতার স্তরকে পূর্বের চারটির বদলে বর্তমানে পাঁচটি অংশে ভাগ করা হয়েছে।

## এই ইংরেজি দক্ষতা স্তরগুলি কি নির্দেশ করে?

নীচের সারণীতে এন ওয়াই এস ই এস এল এ টি-র বিভিন্ন দক্ষতার স্তরগুলি বর্ণনা করা হল।

| স্তর | ইংরেজি ভাষায় দক্ষতার স্তরের বর্ণনা | |
|---|---|---|
| **এন্টারিং** (বিগিনিং, প্রাথমিক) | এন্টারিং স্তরে একজন শিক্ষার্থী তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য সাহায্যকারী উপাদান এবং কাঠামোর (সাপোর্টস এ্যান্ড স্ট্রাকচার্স) উপর অত্যন্ত বেশী নির্ভরশীল। সেই সঙ্গে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদাও সে এখনও পূরণ করতে পারছে না। | ই এল এল পরিসেবা পাওয়ার যোগ্য। |
| **ইমার্জিং** (লো ইন্টারমিডিয়েট, নিম্ন মাধ্যমিক) | ইমার্জিং স্তরে একজন শিক্ষার্থী তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য সাহায্যকারী উপাদান এবং কাঠামোর (সাপোর্টস এ্যান্ড স্ট্রাকচার্স) উপর কিছুটা নির্ভরশীল। সেই সঙ্গে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদাও এখনও সে পূরণ করতে পারছে না। | |
| **ট্রানজিশনিং** (ইন্টারমিডিয়েট, মাধ্যমিক) | ট্রানজিশনিং স্তরে একজন শিক্ষার্থী কিছুটা আত্মনির্ভরশীলতার সঙ্গে তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হচ্ছে। কিন্তু এখনও সে বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণ করতে পারছে না। | |
| **এক্সপ্যান্ডিং** (এ্যাডভান্স্ড, উচ্চতর) | এক্সপ্যান্ডিং স্তরে একজন শিক্ষার্থী অত্যন্ত আত্মনির্ভরশীলতার সঙ্গে তার শিক্ষাগত ভাষার দক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হচ্ছে এবং বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণের দিকে এগিয়ে যাচ্ছে। | |
| **কম্যান্ডিং** (প্রফিসিয়েন্ট, দক্ষ) | কম্যান্ডিং স্তরে একজন শিক্ষার্থী বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে। সে ই এল এল নয়। | ই এল এল পরিসেবা পাওয়ার যোগ্য নয়। |

## যদি আমার সন্তানের আই ই পি থাকে, তাহলে কি এন ওয়াই এস ই এস এল এ টি চলাকালীন পরীক্ষা সহায়তা (টেস্টিং এ্যাকোমোডেশন্‌স) লাভের অনুমতি প্রদান করা হবে?

হ্যাঁ, ব্যক্তিগত শিক্ষাগত কর্মসূচি-সম্বলিত (ইন্ডিভিজুয়ালাইজড্‌ এডুকেশন প্রোগ্র্যাম্‌স) ই এল এল-রা এন ওয়াই এস ই এস এল এ টি চলাকালীন পরীক্ষা সহায়তা পেয়ে থাকে। আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকার সাথে যোগাযোগ করে কোন কোন সহায়তা আপনার সন্তান পেতে পারে সে বিষয়ে নির্দিষ্ট তথ্য জেনে নিন। বিশদে জানতে দেখুনঃ http://www.p12.nysed.gov/assessment/nyseslat/

## ই এল এল/এম এল এল হিসাবে কোন কোন সুবিধা আমার সন্তানের প্রাপ্য?

আপনার সন্তান দ্বিভাষিক শিক্ষা-বাইলিঙ্গুয়াল এডুকেশন (পরিবর্তনশীল বা দ্বি-ভাষা, ট্রান্‌জিশনাল অর ডুয়াল ল্যাঙ্গুয়েজ) এবং/বা নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ - ই এন এল) পরিষেবাগুলি পেতে পারে। আপনার সন্তানের দক্ষতার স্তর নির্ধারণ করবে যে সে প্রতি সপ্তাহে কত মিনিট ই এল এল পরিষেবা (শিক্ষণ সময়) পাবে। দক্ষতার স্তর অনুযায়ী প্রাপ্ত নির্দিষ্ট শিক্ষণ সময় জানার জন্য নীচের তালিকা দেখুন।

| স্তর | গ্রেড কে-৮<br>প্রতি সপ্তাহে ই এন এল শিক্ষণের সময় (মিনিট) | গ্রেড ৯-১২<br>প্রতি সপ্তাহে ই এন এল শিক্ষণের সময় (মিনিট) * | দ্বিভাষিক কর্মসূচিতে শিক্ষার্থীরা |
|---|---|---|---|
| **এন্টারিং** (বিগিনিং, প্রাথমিক) | ৩৬০ মিনিট | ৫৪০ মিনিট | • একটি বাড়ীর ভাষায় কলা পাঠ্যক্রম<br>• অন্তত দুটি দ্বিভাষিক বিষয়ভিত্তিক পাঠ্যবিষয় |
| **ইমার্জিং** (লো ইন্টারমিডিয়েট, নিম্ন মাধ্যমিক) | ৩৬০ মিনিট | ৩৬০ মিনিট | • একটি বাড়ীর ভাষায় কলা পাঠ্যক্রম<br>• অন্তত দুটি দ্বিভাষিক বিষয়ভিত্তিক পাঠ্যবিষয় |
| **ট্রান্‌জিশনিং** (ইন্টারমিডিয়েট, মাধ্যমিক) | ১৮০ মিনিট | ১৮০ মিনিট | • একটি বাড়ীর ভাষায় কলা পাঠ্যক্রম<br>• অন্তত একটি দ্বিভাষিক বিষয়ভিত্তিক পাঠ্যবিষয় |
| **এক্সপ্যান্ডিং** (এ্যাডভান্স্‌ড, উচ্চতর) | ১৮০ মিনিট | ১৮০ মিনিট | • একটি বাড়ীর ভাষায় কলা পাঠ্যক্রম<br>• অন্তত একটি দ্বিভাষিক বিষয়ভিত্তিক পাঠ্যবিষয় |
| **কম্যান্ডিং** (প্রফিসিয়েন্ট, দক্ষ) | কম্যান্ডিং স্তরে একজন শিক্ষার্থী বিভিন্ন শিক্ষাগত ক্ষেত্রে (পরিবেশে) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শনের জন্য ভাষাগত চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে। এই স্তরে শিক্ষার্থীকে আর ই এল এল শিক্ষার্থী হিসাবে গণ্য করা হয় না কিন্তু সে দুই বছরের জন্য প্রাক্তন ই এল এল পরিষেবা পাওয়ার যোগ্যতা ধারণ করে। | | |

*ই এন এল শিক্ষণের একটি অংশ একটি সংহত বিষয়বস্তু ক্লাস (ইন্টিগ্রেটেড কনটেন্ট এরিয়া ক্লাস)-এর মাধ্যমে হতে পারে।

## প্রাক্তন ই এল এল পরিষেবা বলতে কি বোঝায়?

শিক্ষার্থী কম্যাইন্ডিং (দক্ষ) স্তরে পৌঁছলে, তাকে আর ই এল এল হিসাবে গণ্য করা হয় না এবং সে তখন ই এল এল পরিষেবা পাওয়ার অধিকার থেকে বঞ্চিত হয়, কিন্তু প্রাক্তন ই এল এল পরিষেবা পাওয়ার যোগ্যতা ধারণ করে। প্রাক্তন ই এল এল পরিষেবায় অতিরিক্ত দুই বছরের জন্য, ই এল এ/মূল বিষয়বস্তু তে প্রতি সপ্তাহে ০.৫ এককের সংহত (ইন্টিগ্রেটেড) ই এন এল শিক্ষণ অথবা অন্য অনুমোদিত প্রাক্তন ই এল এল পরিষেবার সুবিধা দেওয়া হয়ে থাকে। শিক্ষাগত ফলাফল উন্নত করার উদ্দেশ্যে, এই সকল শিক্ষার্থীকে অবশ্যই ব্যক্তিগত শিক্ষণ সহায়তা এবং ভাষা ও শিক্ষাগত বিকাশ মূল্যায়নের সুবিধা ক্রমাগত নিয়ে যেতে হবে।

## কিভাবে আমি আমার সন্তানকে এন ওয়াই এস ই এস এল এ টি-র জন্য তৈরি হতে সাহায্য করতে পারি?

শিক্ষার্থীকে এন ওয়াই এস ই এস এল এ টি-তে সাফল্য লাভের জন্য মাতা-পিতা একাধিক ব্যবস্থা গ্রহণ করতে পারেন। নিম্নের কয়েকটি বিষয়ে নজর দেওয়া যেতে পারেঃ

- আপনার সন্তান যাতে প্রতিটি পরীক্ষার আগে যথেষ্ট পরিমাণে ঘুমায় এবং সুষম পুষ্টিকর খাবার খায় সে বিষয়ে সচেষ্ট হোন।
- পরীক্ষার ব্যাপারে আপনার সন্তানকে উৎসাহ এবং ভরসা দিন কারণ সেটা প্রকৃতপক্ষে তার পরীক্ষার ফলাফল ভাল করতে সাহায্য করবে।
- আপনার সন্তানকে সাথে নিয়ে পরীক্ষার অভিজ্ঞতা সংক্রান্ত কোন/সমস্ত প্রাপ্ত তথ্য পড়ুন ও পর্যালোচনা করুন।
- আপনার সন্তানকে ভরসা দিয়ে বলুন যে এই মূল্যায়ন ইংরেজি ভাষায় তার কতটা বিকাশ ঘটল তার-ই পরিমাপ করে।
- আপনার সন্তানের শ্রেণী-শিক্ষক এবং ইংলিশ এ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ/ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (ই এন এল/ই এস এল) বা দ্বিভাষিক শিক্ষকের সাথে যোগাযোগ করুন এবং আপনি বাড়ীতে আপনার সন্তানকে কি ধরণের বিশেষ সহায়তা প্রদান করতে পারেন সে বিষয়ে তাঁর সাথে পরামর্শ করুন।

## অতিরিক্ত সম্পদ ও সহায়তা

এন ওয়াই এস ই এস এল এ টি-সংক্রান্ত তথ্য http://www.p12.nysed.gov/assessment/nyseslat/ এবং https://www.engageny.org/resource/spring-2015-nyseslat-resources এ পাওয়া যাবে। যদি আপনার সন্তানের ইংরেজি দক্ষতা বিষয়ে অতিরিক্ত প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে emscassessinfo@nysed.gov এ যোগাযোগ করুন বা ৫১৮-৪৭৪-৫৯০২ নম্বরে ফোন করুন। দ্বিভাষিক/ই এন এল পরিষেবা বিষয়ক প্রশ্ন থাকলে তা দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা দপ্তরে (অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন এ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস-ও বি ই ডাব্লিউ এল) ৫১৮-৪৭৪-৮৭৭৫ নম্বরে ফোন করে বা obefls@nysed.gov ঠিকানায় ই-মেল করে জানাতে পারেন।

ই এল এল পরিষেবা সম্বন্ধীয় প্রশ্ন ও চিন্তা নিরসনের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন
nysparenthotline@nyu.edu
কেবলমাত্র ই এল এল মাতা-পিতাদের জন্য নির্দিষ্ট নম্বর (হটলাইন): (৮00) ৪৬৯-৮২২৪

অতিরিক্ত প্রশ্ন?
অনুগ্রহ করে আপনার প্রশ্ন বা মতামত পাঠান
দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষা দপ্তর: OBEFLS@nysed.gov
বা ফোন করুন: ৭১৮-৭২২-২৪৪৫ নম্বরে।
এন ওয়াই এস ই এস এল এ টি সম্বন্ধে বিশদে জানতে দেখুনঃ
http://www.p12.nysed.gov/assessment/nyseslat/

NYSED.gov